গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
পরিকল্পনা,বাস্তবায়ন ও মূল্যায়ন শাখা
গাজীপুর-১৭০১
www.sca.gov.bd

কৃষিই সমৃদ্ধি

**স্মারক নম্বর:** ১২.০৪.০০০০.০০০.০০৭.৪৪.০০০৫.১৫.৫২১

তারিখ: ২ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **অনলাইনে ‘প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা সেবা’ প্রদানের অফিস আদেশ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, 'ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম' শীর্ষক সফটওয়্যারে বীজ প্রত্যয়ন এজেন্সীর সিটিজেন চার্টার এ বর্ণিত ‘প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা’ সেবাটি ডিজিটাইজ করা হয়েছে। সেবাটির লিংক বীজ প্রত্যয়ন এজেন্সীর ওয়েবসাইট এর অভ্যন্তরীণ ই-সেবাসমূহ অংশে যুক্ত করা হয়েছে যার লিংক: http://service.moa.gov.bd। ‘প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা’ সেবাটির কার্যক্রম আসন্ন বীজ উৎপাদন মৌসুম হতে সফটওয়্যারের মাধ্যমে পরিচালনা করা যেতে পারে।

এমতাবস্থায়, "ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম" শীর্ষক সফটওয়্যার ব্যবহার করে আপনার অধিক্ষেত্রে ‘প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা সেবা’ অনলাইনে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা সেবার প্রসেস ম্যাপ
(২) প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা সেবার ব্যবহার সহায়িকা(নাগরিক)

১৬-০৩-২০২৫
মোঃ জয়নাল আবেদীন
পরিচালক
+৮৮০-২-৪৯২৭২২০০
director@sca.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, ঢাকা/ রংপুর।।
২। মূখ্য বীজ প্রযুক্তিবিদ, কেন্দ্রীয় বীজ পরীক্ষাগার, বীজ প্রত্যয়ন এজেন্সী।
৩। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, ঢাকা/ গাজীপুর/ ময়মনসিংহ/ রংপুর/ দিনাজপুর/ কুড়িগ্রাম/ গাইবান্ধা/ নীলফামারী/ লালমনিরহাট/ ঠাকুরগাঁও/ পঞ্চগড়।।

**স্মারক নম্বর:** ১২.০৪.০০০০.০০০.০০৭.৪৪.০০০৫.১৫.৫২১/১(২)


তারিখ: ২ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। অতিরিক্ত পরিচালক, মাঠ প্রশাসন,পরিকল্পনা ও মনিটরিং অধিশাখা, বীজ প্রত্যয়ন এজেন্সী।

২। অতিরিক্ত উপ-পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), পরিকল্পনা,বাস্তবায়ন ও মূল্যায়ন শাখা, বীজ প্রত্যয়ন এজেন্সী (পত্রের কপিটি অত্র দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।


৬) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map) :

মোট ধাপ: ১৫
মোট জনবল: ১০
মোট সময়: ৩২ দিন
খরচ: ২০০০/- টাকা



জ) প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map) :

মোট ধাপ: ১২
মোট জনবল: ১০
মোট সময়: ২০ দিন
খরচ: ১৫০০/- টাকা



# ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম

## প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা

<u>সেবাগ্রহীতা/ নাগরিকের ব্যবহার সহায়িকা</u>

# বিষয়বস্তুঃ

১. কৃষি সেবা পোর্টাল পরিচিতি ........ 3
২. প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা সেবায় প্রবেশ ........ 5
৩. লগ ইন/ প্রবেশ ........ 10
৪. প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা ........ 12
৫. উপসংহার ........ 14


## ১. কৃষি সেবা পোর্টাল পরিচিতি

কৃষি সেবা পোর্টাল থেকে কৃষি মন্ত্রণালয় ও তার আওতাধীন দপ্তর-সংস্থার প্রদানকৃত সেবাসমূহের বিস্তারিত তথ্য জানা যাবে। প্রধানত সেবাসমূহকে তিনটি ক্যাটাগরিতে সাজানো হয়েছে যথাক্রমে - গ্রাহকের ধরণ অনুযায়ী "কার জন্য সেবা", সেবার ধরণ অনুযায়ী "কি ধরণের সেবা", এবং দপ্তরের ধরণ অনুযায়ী "কোন দপ্তরের সেবা"। "সেবা পোর্টাল সম্পর্কে" লিংকে ক্লিক করে কৃষি মন্ত্রণালয়ের সেবা পোর্টাল সম্পর্কে বিস্তারিত তথ্য জানা যাবে। এছাড়া সকল সেবা, কৃষিভিত্তিক ডিজিটাল ক্রপ পেস্ট মিউজিয়াম, সচরাচর জিজ্ঞাসা, বিজ্ঞপ্তিসমূহ, কৃষি খবর, কৃষি বাতায়ন, দপ্তর-সংস্থার লিংক ও অন্যান্য গুরুত্বপূর্ণ লিংক পাওয়া যাবে। আপনি আপনার সুবিধা অনুযায়ী ইংরেজি অথবা বাংলা ভাষায় সফটওয়্যারটি ব্যবহার করতে পারবেন। এই দপ্তর-সংস্থাসমূহ নাগরিকদের বিভিন্ন সময়ে কৃষি বিষয়ক বিভিন্ন ধরণের সেবা দিয়ে থাকে। এই সেবা গ্রহণের প্রক্রিয়াটিকে আরো অধিকতর সহজ ও যুগোপযোগী করার লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারী প্ল্যাটফর্ম নামে একটি সফটওয়্যার তৈরী করেছে।

**<u>সফটওয়্যারে প্রবেশ:</u>**

১. প্রবেশের প্রক্রিয়া


সফটওয়্যারে প্রবেশ করার জন্য প্রথমে ব্রাউজারের এড্রেস বারে "service.moa.gov.bd" লিখে "Enter" বাটনে ক্লিক করুন। এই ঠিকানায় প্রবেশ করলে নিম্নের পোর্টালটি দৃশ্যমান হবে। এই পোর্টালে কৃষি মন্ত্রণালয় ও তার আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের সকল সেবা সম্পর্কে বিস্তারিত তথ্য জানা ও ব্যবহার করা যাবে।




চিত্র-১.১ : কৃষি সেবা পোর্টাল (Agricultural Service Portal)

## ২. প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা সেবায় প্রবেশ


- কৃষি সেবা পোর্টালে প্রবেশের পর "কোন দপ্তরের সেবা" অপশনে ক্লিক করে নিম্নের চিত্রানুযায়ী বিস্তারিত বাটনে ক্লিক করুন। এরপর সবগুলো দপ্তর দৃশ্যমান হবে। সেখান থেকে বীজ প্রত্যয়ন এজেন্সি অর্থাৎ "এসসিএ" তে ক্লিক করুন। এসসিএ তে ক্লিক করার পর এসসিএ এর ৫টি সেবা- প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা, কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ, প্রত্যয়নের আওতাধীন বীজ পরীক্ষা, ভেন্যু ভাড়া/ বুকিং ও মাঠ প্রত্যয়ন দৃশ্যমান হবে। এছাড়া আপনি "সকল সেবা" অপশন এর সকল সেবার তালিকা থেকেও সেবাটি বাছাই করতে পারেন।





চিত্র-২.১ : কৃষি সেবা পোর্টাল (Agricultural Service Portal)




চিত্র-২.২ : কৃষি সেবা পোর্টাল (Agricultural Service Portal)




চিত্র-২.৩ : এসসিএ (SCA)




চিত্র-২.৪ : কৃষি সেবা পোর্টাল (Agricultural Service Portal)

- "প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা" সেবায় "বিস্তারিত" বাটনে ক্লিক করলে এই সেবা সংক্রান্ত বিস্তারিত তথ্য যেমন- সেবার বর্ণনা, সেবা প্রাপ্তির ধাপসমূহ ইত্যাদি জানা যাবে।
- এই পেইজের উপরে ও নিচে "সেবা প্রাপ্তির আবেদন" বাটনে ক্লিক করলে কৃষি মন্ত্রণালয় এর ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারী প্ল্যাটফর্ম এর "লগইন" পেইজে প্রবেশ করবে।

## ৩. লগ ইন/ প্রবেশ

ব্যবহারকারী "সেবা প্রাপ্তির আবেদন" বাটনের মাধ্যমে লগইন করতে পারবেন। এখানে ব্যবহারকারীর নাম/ ই-মেইল এবং পাসওয়ার্ড দিয়ে "লগইন করুন" বাটনে ক্লিক করতে হবে।





চিত্র-৩.১ : লগইন প্যানেল (Log In Panel)

আপনি যদি সিস্টেমে পূর্বে নিবন্ধন করে না থাকেন তাহলে "নিবন্ধন করুন" বাটনে ক্লিক করুন। আর আপনি যদি ইতিমধ্যে সিস্টেমের নিবন্ধিত ইউজার হয়ে থাকেন তাহলে আইডি ও পাসওয়ার্ড সঠিকভাবে পূরণ করে লগ ইন করুন।


***মনে রাখবেন কৃষি মন্ত্রণালয়ের যেকোন সার্ভিসের জন্য একবার নিবন্ধন করলেই সেই আইডি ও পাসওয়ার্ড দিয়ে সকল সার্ভিসের জন্য আবেদন করতে পারবেন।**

"নিবন্ধন করুন" বাটনে ক্লিক করলে নিচের চিত্রের (চিত্র-৩.২) মতন একটি পেইজ দেখতে পাবেন। রেজিস্ট্রেশনের জন্য আপনার নাম, মোবাইল নাম্বারসহ বাধ্যতামুলক তথ্য (লাল তারকা * চিহ্নিত) ও অন্যান্য সকল তথ্য দিয়ে "নিবন্ধন করুন" বাটনে ক্লিক করলে আপনার ফোনে একটি "ওটিপি" মেসেজ যাবে।




চিত্র ৩.২ – নিবন্ধন করুন (Sign Up)


ওটিপি নম্বরটি নির্ধারিত ফর্মে (চিত্র- ৩.৩) সঠিকভাবে টাইপ করে "যাচাই" বাটনে ক্লিক করে আপনার নিবন্ধন সম্পন্ন করুন। মনে রাখবেন মোবাইলে ওটিপি পাবার ৩ মিনিটের মধ্যে নম্বরটি সিস্টেমে যাচাই করতে হবে অন্যথায় পুনরায় ওটিপি পাঠাতে হবে। নিবন্ধন করার পর ব্যবহারকারী তার সঠিক আইডি (মোবাইল নং/ ইউজারনেম) ও পাসওয়ার্ড দিয়ে "লগ ইন" বাটনে ক্লিক করে সিস্টেমে প্রবেশ করতে পারবেন।




চিত্র-৩.৩– ওটিপি পেজ (OTP Page)

## ৪. প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা

প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা সেবায় ব্যবহারকারী মাঠ প্রত্যয়ন ব্যতীত বীজ পরীক্ষার জন্য অনুরোধ এর ফর্ম দেখতে পারবেন। এই ফর্মে লাল তারকা (*) চিহ্নিত অত্যাবশ্যকীয় তথ্যাবলি অবশ্যই পূরণ করতে হবে। সংস্থা, ডিলারের তথ্য, উৎপাদনের তথ্য, বীজের তথ্য ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য প্রদান করে "সংরক্ষণ করুন" বাটনে ক্লিক করে তথ্য প্রদান সম্পন্ন করুন। প্রদানকৃত তথ্য বাতিল করতে চাইলে "বাতিল করুন" বাটনে ক্লিক করুন।




চিত্র – ৪.১ : বীজ পরীক্ষার জন্য অনুরোধ এন্ট্রি (Request for Seed Testing Entry)

## ৫. উপসংহার

সকল তথ্য প্রদান করার পর “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করার মাধ্যমে বীজ পরীক্ষার জন্য অনুরোধটি সম্পন্ন হবে। এভাবে প্রত্যয়ন বহির্ভূত বীজ নমুনা সংগ্রহ ও পরীক্ষা সেবাটি গ্রহণ করা যাবে। একইভাবে কৃষি মন্ত্রণালয় ও তার আওতাধীন সকল সেবার জন্য আবেদন করা যাবে। কৃষি মন্ত্রণালয় এর এই ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারী প্ল্যাটফর্ম সফটওয়্যার এর মাধ্যমে অনলাইনের কৃষি সংক্রান্ত সকল সেবা পেতে পারেন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার পথে দেশকে আরো একধাপ এগিয়ে নিতে পারেন।